



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট

এবং

মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০- ৩০ জুন, ২০২১

## সূচিপত্র

ক্র: নং	বিষয়	পৃষ্ঠা নং
০১	উপক্রমণিকা	৩
০২	মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৪
০৩	সেকশন ১: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর রূপকল্প (ঠরংরড়হ), অভিলক্ষ্য (গরংরড়হ), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
০৪	সেকশন ২: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ	৬-৯
০৫	মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১	১০

## উপক্রমণিকা (চৎবধসনষব)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ, জনাব প্রকৌশলী জহীরুল ইসলাম

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃ সানোয়ার হোসেন এর মধ্যে ২০২০ সালের মাসের তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষে নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
(Overview of the performance of the Moulvibazar Polytechnic Institute,  
Moulvibazar)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৭-২০১৮ থেকে ২০১৯-২০২০ পর্যন্ত):**

অবকাঠামোগত উন্নয়ন: অত্র প্রতিষ্ঠানে ৫টি মাল্টিমিডিয়া ক্লাসরুম ও ২টি ল্যাব-কাম-মাল্টিমিডিয়া ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। ফুড এবং আরএসি বিভাগের ল্যাবে ০২টি করে আধুনিক যন্ত্র স্থাপন করা হয়েছে। অতিরিক্ত শিক্ষার্থী ভর্তিজনিত এ পর্যন্ত ১৫০ টি ল্যাব টুল, ২০০ টি ক্লাসরুম টেবলয়েড চেয়ার, ভিডিও কন্ফারেন্স রুমের জন্য ৬০ চেয়ার ক্রয় করা হয়েছে। কম্পিউটার ও ফুড ল্যাব আধুনিকায়ন করা হয়েছে। একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন এবং ছাত্র ছাত্রবাস এর ভিতর ও বহিরাঙ্গনে প্রয়োজনীয় সংস্কার কাজ করা হয়েছে।

**দক্ষতা, প্রশিক্ষণ ও পলিসি এর উন্নয়ন:** ইনস্টিটিউট ও অধিদপ্তরের মাধ্যমে শিক্ষক ও কর্মচারীদের দেশে বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অত্র প্রতিষ্ঠানে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে এনরোলমেন্ট ৪০০ থেকে ৮০০ তে বৃদ্ধি করা হয়েছে। মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করে শিক্ষার্থীদের মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনার ব্যবস্থা করা হয়েছে। সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের ই-মেইল একাউন্ট খোলা হয়েছে। নির্ধারিত সকল শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়েছে। উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিষ্ঠানটি শ্রেষ্ঠ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে সনদ লাভ করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

**কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নে সংস্কার সাধনের জন্য প্রয়োজন:** প্রয়োজনীয় দক্ষতা অর্জনে শিক্ষা প্রশিক্ষণের গুণগত মান উন্নয়ন। পাবলিক, প্রাইভেট পাটনারশীপ (পিপিপি) কার্যক্রম জোরদার করণ। বাজেট বরাদ্দ বৃদ্ধিকরণ। শিক্ষা উপকরণের উন্নয়ন সাধন এবং ব্যবহার নিশ্চিত করণ। শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য বেসরকারি উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিকরণ। শ্রমবাজার তথ্য হালনাগাদকরণ। কারিগরি শিক্ষায় শিক্ষিত জনগোষ্ঠীর সামাজিক মর্যাদা বৃদ্ধি এবং পরিবর্তনশীল প্রযুক্তির সাথে খাপ খাওয়ানো।

**কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে বিশ্ববাজারে বিদ্যমান চ্যালেঞ্জ:** আন্তর্জাতিক শ্রমবাজারে কোন সেক্টরে কতজন এবং কোন লেভেলের দক্ষতা সম্পন্ন জনবল প্রয়োজন তার সঠিক তথ্য জানা। উক্ত চাহিদা পূরণে সমন্বিত এবং নমনীয় নিয়োগ পদ্ধতি ও প্রশিক্ষণ ব্যবস্থা প্রণয়ন। জাতীয়ভাবে প্রস্তুতকৃত

কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক বিভিন্ন দেশ কর্তৃক স্বীকৃতি প্রদান। শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের গুণগত মান নিশ্চিতকরণ। বৈদেশিক চাকুরী গ্রহীতাদের প্রশিক্ষণগত সার্বিক উন্নয়ন। বিদেশ ফেরত দক্ষ কর্মীগণের দক্ষতা মূল্যায়ন পূর্বক উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

### **ভবিষ্যৎ পরিকল্পনা:**

**অবকাঠামোগত উন্নয়ন:** মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা বৃদ্ধি করণ। প্রতিষ্ঠানের আইসিটি ল্যাব ও রিসোর্স সেন্টার উন্নয়ন। অতিরিক্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও ব্যবহারিক ক্লাসের যন্ত্রপাতি সংগ্রহ। শ্রেণী কক্ষ, ল্যাব ও করিডোর সহ ক্যাম্পাস সর্বদা পরিষ্কৃত করণ। প্রতিষ্ঠানের ০৫ তলা একাডেমিক ও এডমিন ভবনের সকল স্থানে ওয়াই-ফাই নিশ্চিত করণ।

**দক্ষতা, প্রশিক্ষণ ও পলিসি উন্নয়ন:** শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখা। শিক্ষক-কর্মচারী এবং শিক্ষার্থীদের জন্য ডাটাবেজ প্রস্তুত করণ। সকল শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের ই-মেইল একাউন্ট এর ব্যবস্থা করণ। ক্রয় প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করণ। শিক্ষক-কর্মচারী বায়োমেট্রিক হাজিরা নিশ্চিত এর ব্যবস্থা করণ। ন্যূনতম ২৫% মাল্টিমিডিয়া লেকচার তৈরী করণ। নির্ধারিত ব্যবহারিক ক্লাস, ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট সমূহ গ্রহন নিশ্চিত করণ।

### **২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রথম বর্ষে বিভিন্ন টেকনোলজিতে ভর্তিকৃত দ্বিগুন শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় অবকাঠামো সহ ব্যবহারিক শিক্ষার কার্যক্রম উন্নয়ন অব্যহত রাখা।
- অতিরিক্ত ভর্তিজনিত শিক্ষার্থীদের প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ।
- প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের ই-মেইল একাউন্ট নিশ্চিত করণ।
- মাল্টিমিডিয়া ক্লাস, শিক্ষার্থীদের জন্য নির্ধারিত মাল্টিমিডিয়া লেকচার, ব্যবহারিক ক্লাস এবং ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট নিশ্চিত করণ।
- জ্ঞান প্রতিষ্ঠা করা।
- সেমিনার/কর্মশাল আয়োজন অব্যহত রাখা।

## সেকশন ১

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর রূপকল্প  
(Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি

১.১. রূপকল্প (Vision): যুগোপযোগি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ, মানবসম্পদ উন্নয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন এবং জীবন যাত্রার মানোন্নয়ন।

১.২. অভিলক্ষ্য (Mission): মানসম্পন্ন কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রয়োজনীয় নীতি ও কর্মসূচী বাস্তবায়ন, আদর্শমান নির্ধারণ এবং পরিবিষ্ফণ ও মূল্যায়ন।

১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

- ১.৩.১. মানসম্মত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে প্রবেশগম্যতার (অপপবং) উন্নয়ন ঘটানো।
- ১.৩.২. মানসম্মত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে সাম্য ও সমতার নীতি নিশ্চিত করা।
- ১.৩.৩. দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের উপযোগী দক্ষ মানব সম্পদ তৈরি করা।
- ১.৩.৪. শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে শিল্পকারখানার সংযোগ স্থাপন।
- ১.৩.৫. শিক্ষা ব্যবস্থাপনায় সুশাসন জোরদার করা।
- ১.৩.৬. মহান স্বাধীনতা যুদ্ধের চেতনা সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও জাতীয় সংস্কৃতির এবং লালন করা।

আব্যাহিক কৌশলগত উদ্দেশ্য সমূহ:

- ১.৩.৭. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
- ১.৩.৮. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
- ১.৩.৯. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ১.৩.১০. তথ্য অধিকার বাস্তবায়ন জোরদার করণ।
- ১.৩.১১. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪. কার্যাবলি (Functions):

- ১.৪.১. ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও বেসিক ড্রেড কোর্সের প্রশিক্ষণের সার্বিক গুণগত মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় নীতি বাস্তবায়ন ও প্রস্তাবনা নিশ্চিত করা।
- ১.৪.২. চাহিদা ভিত্তিক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও বেসিক ড্রেড কোর্সের প্রশিক্ষণ নিশ্চিত করা।
- ১.৪.৩. শিক্ষকের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির উন্নয়ন ঘটানো। শিক্ষকদের মান উন্নয়নের লক্ষে চাহিদা ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচী (ইন হাউজ এবং অন্যান্য) পরিচালনা করা।
- ১.৪.৪. জেল্ডার সমতা বিধানকল্পে কারিগরি শিক্ষায় মহিলাদের উৎসাহিত করতে পরিবেশ সৃষ্টি এবং অত্র প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা বৃদ্ধি।
- ১.৪.৫. শিল্প কারখানার সাথে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে উত্তীর্ণ শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ

সৃষ্টি করা।

- ১.৪.৬. বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, সামাজিক কর্মকান্ড, ধর্মীয় অনুষ্ঠানাদি, বাৎসরিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান, রক্তদান ও বৃক্ষরোপণ কর্মসূচী পালন করা।
- ১.৪.৭. প্রতিষ্ঠান পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রাখা। শিক্ষার্থীদের নিয়মিত গাইডিং ও কাউন্সিলিং এর ব্যবস্থা গ্রহন করা।
- ১.৪.৮. রাজস্বখাতে এবং স্থানীয়ভাবে প্রাপ্ত বাজেটের ব্যবহার এবং নিয়মিত মনিটরিং ও অডিট নিশ্চিত করা।
- ১.৪.৯. প্রতি বছর অভিভাবক দিবস পালন করা। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণের সাথে যোগাযোগ রাখা।
- ১.৪.১০. পরীক্ষার প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করা এবং নকল মুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ।
- ১.৪.১১. পেশাগত নিরাপত্তা ও ব্যক্তিগত স্বাস্থ্য বিধি অনুযায়ী কার্যক্রম নিশ্চিত করণ সহ পরিবেশ বান্ধব কার্যক্রম গ্রহণ।





কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রমসমূহ (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (calculation method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21)					প্রক্ষেপণ (Projection) ২০২১-২২	প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩
							২০১৮-১৯	২০১৯-২০	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি ৭০%	চলতিমানের নিম্নে ৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
		[১.৫] প্রতিষ্ঠানে ছাত্রী/মহিলাদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি করা	[১.৬.১] সুযোগ সুবিধা বৃদ্ধি করা হয়েছে	সমষ্টি	সংখ্যা	৩	১	২	২	১	-	-	-	২	২
		[১.৬] বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের সুযোগ সুবিধা বৃদ্ধি	[১.৭.১] সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য শিক্ষকগণের প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করা হয়েছে (প্রতিষ্ঠানভিত্তিক)	সমষ্টি	সংখ্যা	৩	-	-	১	-	-	-	-	২	২

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রমসমূহ (Activities)	কর্মসম্পাদনসূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (calculation method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Indicators)	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for ২০২০-২১)						প্রক্ষেপণ (Projection) ২০২১-২২	প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩	
								২০১৮-১৯	২০১৯-২০	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি			চলতিমানের নিম্নে
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	
২। দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের উপযোগী দক্ষ মানবসম্পদ তৈরী করা	১১	[১.১] কারিকুলাম পরিমার্জন, পরিবর্ধন ও যুগোপযোগী করণ	[২.১.১] কারিকুলাম পরিমার্জন, পরিবর্ধন ও যুগোপযোগী করার প্রস্তাব প্রেরণ	সমাপ্তি	সংখ্যা	৩	১	-	২	১	-	-	-	৩	৩	
		[১.২] সেমিনার/ কর্মশালা/ মতবিনিময় আয়োজন করা	[২.২.১] সেমিনার/ কর্মশালা/ সভা আয়োজন করা হয়েছে।	সমাপ্তি	সংখ্যা	৪	২	-	৩	২	-	-	-	৩	৩	
৩। শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে শিল্পকারখানার সংযোগ স্থাপন	৭	[৩.১] প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের শিল্প-কারখানায় বাস্তব প্রশিক্ষণ	[৩.১.১] শিল্প-কারখানায় বাস্তব প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক	সমাপ্তি	সংখ্যা	৩	-	-	৫	৪	৩	-	-	৫	৫	
		[৩.২] শিল্প প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর	[৩.২.১] প্রতিষ্ঠান সমূহের স্বাক্ষরিত সমঝোতা স্মারক	সমাপ্তি	সংখ্যা	৪	২	২	৪	৩	২	-	-	৪	৪	

			সংখ্যা												
৪। শিক্ষাব্যবস্থাপনায় সু-শাসন জোরদার করা	৮	[৪.১] প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম জোরদার করণ	[৪.১.১] ক্লাস মনিটরিং	গড়	%	৪	১০০%	১০০%	১০০%	৯০%	৮০%	-	-	১০০%	১০০%
		[৪.২] শিক্ষক ও কর্মচারি সম্বন্ধে সভার আয়োজন করা	[৪.২.১] অনুষ্ঠিত সভা	সমষ্টি	সংখ্যা	৪	১২	১২	১৩	১২	১১	১০	-	১৪	১৪

-৮-

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রমসমূহ (Activities)	কর্মসম্পাদনসূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (calculation method)	একক (Unit)	কর্মসম্পাদনসূচকের মান (Weight of Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for ২০১৯-২০)					প্রক্ষেপণ (Projection) ২০২০-২১	প্রক্ষেপণ (Projection) ২০২১-২২
							২০১৭-১৮	২০১৮-১৯	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি ৭০%	চলতিমানের নিম্নে ৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	
০৫। দেশের মহান স্বাধীনতা যুদ্ধের চেতনাসমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও জাতীয় সংস্কৃতি সংরক্ষণ ও লালন করা	১০	[৫.১] মুক্তিযুদ্ধভিত্তিক বই ও দলিল সংগ্রহকরণ	[৫.১.১] শিক্ষা প্রতিষ্ঠানকর্তৃক আইটেমওয়ারী তথ্যাদি সংগ্রহ করা হয়েছে	সমষ্টি	বই সংখ্যা	৫	৬০	৬০	৬০	৫০	৪০	-	-	৬০	৭০
		[৫.২] জাতীয় দিবস সমূহ পালন	[৫.২.১] উদযাপিত দিবস	সমষ্টি	সংখ্যা	৫	৯	৬	৯	৮	৭	৬	-	১০	১০


মার্চ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১  
(মোট নম্বর-২০)

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান। (Weight Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান- ২০২০-২১ (এপ্রিল-২০২০-২১)				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)		অসাধারণ (Excellent)	অতি উত্তম (very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানে র নিম্নে (Poor)
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ	১১	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ	সংখ্যা	২	৪	-	-	-	-
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত	সংখ্যা	১	১২	১১	-	-	-
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ	সংখ্যা	২	৪	৩	-	-	-

		নিকট প্রেরণ								
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৮	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	৫০	-
		[২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন	[২.২.১] নূন্যতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত	সংখ্যা	২	১৫-২-২১	১৫-৩-২১	১৫-৪-২১	১৫-৫-২১	-
		[২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজন	জনঘন্টা	২	৪০	৩০	২০	১০	-
			[২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘন্টা	১	৫	৪	-	-	-
		[২.৪] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান	[২.৪.১] নূন্যতম একটি আওতাধীন অফিস/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদন	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪০	৩০	২৫	-
		[৩.৪] হালনাগাদকৃত স্বাবর ও অস্বাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ	[৩.৪.১] হালনাগাদকৃত স্বাবর ও অস্বাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত	তারিখ	১	১৫-১২-২০	১৪-১-২১	১৫-২-২১	-	-

আমি, অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট হিসাবে মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর হিসাবে অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।



(প্রকৌশলী. জহীরুল ইসলাম)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট

তারিখ: ২৭/০৭/২০২০ খ্রিঃ

(মোঃ সানোয়ার হোসেন)  
মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

তারিখ: .....

